“যে ব্যক্তি আল্লাহর পথে জিহাদকারীর আসবাবপত্র সরবরাহ করল সে যেন জিহাদ করল। আর যে ব্যক্তি আল্লাহর পথে কোন জিহাদকারীর পরিবার-পরিজনকে উত্তমরূপে দেখাশোনা করল, সেও যেন জিহাদ করল”।

যায়দ ইবনু খালিদ রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, “যে ব্যক্তি আল্লাহর পথে জিহাদকারীর আসবাবপত্র সরবরাহ করল সে যেন জিহাদ করল। আর যে ব্যক্তি আল্লাহর পথে কোন জিহাদকারীর পরিবার-পরিজনকে উত্তমরূপে দেখাশোনা করল, সেও যেন জিহাদ করল”। [সহীহ] [সহীহ বুখারী ও মুসলিম]

নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, যে ব্যক্তি আল্লাহর রাস্তায় জিহাদকারীর জন্য তার ভ্রমণের আসবাব এবং তার প্রয়োজনীয় অস্ত্র, যানবাহন, খাদ্য, খরচ এবং অন্যান্য জিনিস প্রস্তুত করেদিল; তিনি জিহাদকারীর মত এবং তার জন্য জিহাদকারীদের সাওয়াব হাসিল হবে। যে ব্যক্তি জিহাদকারীর দায়িত্ব ভালোভাবে গ্রহণ করে এবং তার অনুপস্থিতিতে তার পরিবার-পরিজনের দেখাশোনা করার দায়িত্ব পালন করে, তাহলে সে জিহাদকারীর হুকুমে থাকে।

http://sunnah.global/hadeeth/bn/show/3437